

## Minister of State for External Affairs Smt. MeenakshiLekhi's visit to Switzerland (September 28-30, 2021)

October 08, 2021

### বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখির সুইৎজারল্যান্ড সফর (সেপ্টেম্বর 28-30, 2021)

অক্টোবর 08, 2021

বিদেশ এবং সংস্কৃতি প্রতিমন্ত্রী 28 থেকে 30শে সেপ্টেম্বর 2021 -এ সুইৎজারল্যান্ডে সরকারি সফর করেছেন। তার সফরকালে তিনি সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট হিজ এক্সেলেন্সি গায় পার্মেলিনের সাথে 29শে সেপ্টেম্বর 2021-এ বেমেতে সাক্ষাৎ করেছেন। উভয়পক্ষ বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি ও জনগণের সাথে জনগণের সম্পর্কের দীর্ঘকাল ব্যাপী অংশীদারিত্ব এবং দূত সম্পর্ক নিয়ে আলোচনা করেছেন।

প্রতিমন্ত্রী সুইস সংসদের সদস্যদের সাথে সাক্ষাৎ করেছেন এবং " ইনফ্রাস্ট্রাকচার ইন ইমার্জিং মার্কেট-অ্যান ইঞ্জিন অব গ্রোথ অ্যান্ড রিয়াল ইমপ্যাক্ট" শিরোনামের এনজেডজেড (NZZ)ইমপ্যাক্ট ফিন্যান্স কনফারেন্সের উদ্বোধনে সম্মানীয় অতিথির আসন অলঙ্কৃত করেছেন। কনফারেন্সে তিনি " জলবায়ু পরিবর্তন, পুনর্নবীকরণ শক্তি এবং ভারতের জলবায়ু লক্ষ্যের উচ্চাকাঙ্ক্ষাকে সমর্থন করার জন্য বিদেশী বিনিয়োগের গুরুত্ব" বিষয়ের উপরে বক্তব্য রেখেছেন। জুরিখে তিনি সুইস ভারত চেম্বার অব কমার্সের 18তম বার্ষিক সাধারণ সভায় মুখ্য ভাষণ প্রদান করেছেন এবং ভারতীয় অভিবাসী সদস্যদের উদ্দেশ্যে বক্তব্য রেখেছেন। প্রতিমন্ত্রী ভিলেনিউভেতে মহাত্মা গান্ধীর মর্মর মূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন এবং জেনেভাস্থিত প্রথম সারির আন্তর্জাতিক সংস্থাগুলির সদস্যদের সাথে আলাপ-আলোচনা করেছেন। প্রতিমন্ত্রী, উইপো (WIPO) প্রাপ্তনে আয়োজিত আন্তর্জাতিক গোষ্ঠীর অতিথিদের সাথে এবং খাদির জমকালো শাড়ির প্রদর্শনীতে "ভারতীয় শাড়ির অত্যুৎকৃষ্ট গাঁথার উৎসব" শীর্ষক ভারত@75 আজাদিকা অমৃত মহোৎসব অনুষ্ঠানের মুখ্য বক্তা ছিলেন।

প্রতিমন্ত্রী, জুরিখে " মহাত্মা গান্ধীর স্বল্পকালের সুইৎজারল্যান্ড বাস" শীর্ষক একটি বই প্রকাশ করা সহ ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের দ্বারা আয়োজিত একটি অনুষ্ঠানে

ভাষণ প্রদান করেছেন । তিনি প্রবাসী লেখিকাদের লিখিত ছোটগল্পের একটি সংকলনও প্রকাশ করেছেন। তিনি সুইজারল্যান্ডের প্রথম সারির যোগ প্রশিক্ষকদের সাথে একটি যোগ ব্যায়াম অনুষ্ঠানেও যোগদান করেছেন।

নিউ দিল্লি

অক্টোবর 08, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.